AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

EVENING NEWS BULLETIN

BENGALI

DATE: 12 July 2025 TIME: 7:45 PM

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে দেশের ৫১ হাজারের অধিক যুবক-যুবতীকে নিযুক্তিপত্র বিতরণ ।
গৌহাটি এবং ডিমাপুরেও আজ রোজগার মেলা অনুষ্ঠিত ।

২) সোনাপুরে দেশের প্রথম জল প্রযুক্তি উদ্যান উদ্বোধন করে আসাম দেশের চতুর্থ সর্ববৃহৎ মৎস উৎপাদনকারী রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ ।

৩) কাছাড় জেলায় অনুমতি বিহীন গাড়ির বডি পরিবর্তণের বিরুদ্ধে কঠোর অভিযান অব্যাহত ।

৪) ষষ্ঠ জাতীয় মুইথাই চেম্পিয়ানশিপের এলিট ৪৫ কিলোগ্রাম শাখায় শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের গবেষক ছাত্রী মনোস্মিনী চক্রবর্তীর ব্রোঞ্জ পদক লাভ ।

---

নিযুক্তি মেলা যুব প্রজন্মের সাবলীকরণ এবং তাদের বিকশিত ভারত গড়ার প্রক্রিয়ার সহযুদ্ধা করে তোলার ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতিবদ্ধতাকে প্রমান

করছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন । ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন সরকারী বিভাগে নতুন করে নিযুক্তি লাভ করা ৫১ হাজারের অধিক যুবক-যুবতীর মধ্যে নিযুক্তিপত্র বিতরণ করার পর ষোড়শ নিযুক্তি মেলায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী আজ এ কথা বলেন । তিনি বলেন যে সমগ্র বিশ্ব সম্প্রতী ভারতের জনবিন্যাস এবং গণতন্ত্রের অসীম শক্তির কথা স্বীকার করছে । নতুন ভাবে নিযুক্তি লাভ করা প্রার্থীদের অভিনন্দন জানিয়ে শ্রী মোদী বলেন যে সরকারের নিযুক্তি মেলা উদ্যোগের মাধ্যমে লক্ষ-লক্ষ যুবক-যুবতী ইতিমধ্যেই রাষ্ট্র গঠন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভুমিকা গ্রহণ করেছে । দেশে ষ্টার্ট-আপ প্রতিষ্ঠান , উদ্ভাবন ও গবেষণার জন্য অনুকূল পরিবেশ গড়ে তুলা হয়েছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে এর ফলে দেশে যুব প্রজন্মের সামর্থ বৃদ্ধি পেয়েছে । তিনি বলেন যে সরকার বেসরকারী ক্ষেত্রে কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি করার ওপর গুরুত্ব আরোপ করেছে এবং এই উদ্দেশ্যে কর্মসংস্থান সৃষ্টি মূলক কর্মপরিকল্পনায় অনুমোদন জানানো হয়েছে । তিনি আরো বলেন যে এই উদ্যোমের জন্য সরকার প্রয়োজনীয় অর্থের অনুমোদন দিয়েছে

এবং এর ফলে প্রায় সাড়ে ৩ কোটি কর্মসংস্থান সৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে । নির্মান ক্ষেত্রকে দেশের অন্যতম শক্তি বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে এই ক্ষত্রে কর্মসংস্থানের প্রচুর সুযোগ সৃষ্টি করা হচ্ছে । তিনি বলেন যে নির্মান ক্ষেত্রের প্রসারের জন্য এবারের বাজেটে নির্মান অভিযানের কথা ঘোষণা করা হয়েছে । তিনি বলেন যে শুধুমাত্র উৎপাদন ভিত্তিক প্রকল্পের অধীনে সমগ্র দেশের ১১ লক্ষের অধিক কর্মসংস্থানের সৃষ্টি করা হয়েছে । প্রধানমন্ত্রী বলেন যে দেশে বর্তমানে ১১ লক্ষ কোটি টাকা মূল্যের বৈদ্যুতিক সামগ্রী উৎপাদন হচ্ছে । প্রতিরক্ষা সামগ্রী উৎপাদনের ক্ষেত্রে দেশ নতুন রেকর্ড গড়েছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে ভারতের প্রতিরক্ষা সামগ্রী উৎপাদনের পরিমান ১ লক্ষ ২৫ হাজার কোটি টাকা অতিক্রম করেছে । উল্লেখ্য যে নিযুক্তি পত্র বিতরণ অনুষ্ঠানের সঙ্গে সঙ্গতি রেখে আজ দেশের ৪৭টি স্থানে নিযুক্তি মেলার আয়োজন করা

হয় । নিযুক্তি লাভ করা প্রার্থীরা রেল মন্ত্রনালয় , স্বরাষ্ট্র পরিক্রমা , কর্মচারী দাবী-আপত্তি নিষ্পত্তি ও পেনশন , শ্রম ও নিয়োগ মন্ত্রনালয় , রাজস্ব বিভাগ , ডাক বিভাগ এবং উচ্চ শিক্ষা বিভাগ সহ বিভিন্ন মন্ত্রনালয়ে এই প্রার্থীরা যোগ দেবেন । নিযুক্তি মেলার মাধ্যমে এ পর্যন্ত দেশে ১০ লক্ষের অধিক নিযুক্তি পত্র বিতরণ করা হয়েছে ।

গৌহাটিতে কেন্দ্রীয় বন্দর , নৌ-পরিবহণ এবং জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , সাংসদ শ্রীমতি বিজুলী কলিতা এবং উত্তর-পূর্ব সীমান্ত রেলের উচ্চপদস্থ আধিকারিক সহ জেনারেল মেনেজার শ্রী চেতন কুমার শ্রীবাস্তবের উপস্থিতে মালিগাওয়ের উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য কার্যালয়ের রং ভবণে আজ রোজগার মেলা অনুষ্ঠিত হয় । সেখানে শ্রী সর্বানন্দ সনোয়াল সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা নবনিযুক্ত প্রার্থীদের হাতে নিযুক্তিপত্র তুলে দিয়ে তাদের জাতির অগ্রগতিতে কাজ করে যাওয়ার আহ্বান জানান । শ্রী সনোয়াল বলেন যে -

**বাইট** -

ডিমাপুর টাউন হলে আয়োজিত আজকের এই রোজগার মেলায় কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের মন্ত্রী শ্রী ইয়ান থুঙ্গু প্যাটন , নাগাল্যান্ডের উপ-মুখ্যমন্ত্রী সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---

রাজ্যে ২০১৯ সাল থেকে ২০২৪ সালের মধ্যে মাছের উৎপাদন দ্বিগুণ বৃদ্ধি পেয়ে ৪ লক্ষ ৯৯ হাজার মেট্রিকটন হয়েছে ফলে আসাম দেশের চতুর্থ সর্ববৃহৎ মাছ উৎপাদনকারী রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ সোনাপুরের বগীবারীতে একটি প্রথমসারির স্বেচ্ছাসেবী সংগঠন কলং-কপিলির সহযোগিতায় দেশের প্রথম জল প্রযুক্তি উদ্যান ( একোয়াটেক পার্ক ) -এর উদ্বোধন করে এ কথা জানান । তিনি বলেন যে আসাম সব ক্ষেত্রে দেশের শীর্ষ ৫টি রাজ্যের

মধ্যে স্থান লাভ করতে সমর্থ হবে । ডক্টর শর্মা বলেন যে একোয়াটেক পার্কটি মাছের উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করবে এবং যুবক-যুবতীদের জন্য আয়ের সুযোগ আরো বৃদ্ধি করবে । এই উদ্যান মৎস পালনের প্রতীক হিসেবে গড়ে ওঠবে বলেও তিনি মন্তব্য করেন । মুখ্যমন্ত্রী বলেন যে দ্বৈত ইঞ্জিনযুক্ত সরকারের উদ্যোগে প্রধানমন্ত্রী মৎস সম্পদা যোজনার মত প্রকল্পের মাধ্যমে রাজ্যের মৎস পালন ক্ষেত্রের উন্নয়নের জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে ।

---

রাজ্যে বৃষ্টির পরিমান উদ্বেগজনকভাবে হ্রাস পেয়েছে । ভারতীয় আবহাওয়া বিজ্ঞান সংস্থার তথ্য অনুসারে গত পয়লা জুন থেকে ১০ জুলাই পর্যন্ত আসাম এবং মেঘালয়ে বৃষ্টির পরিমান স্বাভাবিক থেকে বহু পরিমানে হ্রাস পেয়েছে । সংস্থার তথ্য অনুসারে এই সময়ে আসামে ৩৪ শতাংশ এবং মেঘালয়ে ৪৭ শতাংশ বৃষ্টির পরিমান হ্রাস পয়েছে বলে উল্লেখ করা হয়েছে । একই ভাবে অরুণাচল প্রদেশে ৪০ শতাংশ এবং মনিপুরে ২০ শতাংশ হ্রাস পয়েছে । এদেকে আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুসারে রাজ্যের ডিব্রুগড় , গোলাঘাট , বাক্সা , বরপেটা , বঙ্গাইগাও , বজালী এবং গোয়ালপারা জেলায় বৃষ্টির পরিমান স্বাভাবিকের চেয়ে ৬২ থেকে ৭২ শতাংশ পর্যন্ত হ্রাস পেয়েছে বলে জানানো হয়েছে ।

---

কাছাড় জেলা প্রশাসন জেলায় অনুমতি বিহীন গাড়ির বডি পরিবর্তনের বিরুদ্ধে কঠোর অভিযান অব্যাহত রেখেছে ।জেলা প্রশাসন , জেলা পরিবহন দপ্তর ও আসাম পুলিশের যৌথ উদ্যোগে এই অভিযানে ইতিমধ্যে ৩০ টি বেআইনি গাড়ির বডি পরিবর্তনের ঘটনা শনাক্ত করে তাদের বিরুদ্ধে ই-চালান জারি করা হয়েছে এবং এপর্যন্ত প্রায় ১ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা

আরোপ করা হয়েছে । গত মে মাসে শুরু হওয়া এই অভিযানের মাধ্যমে আইনের প্রতি অবহেলা বরদাস্ত করা হবেনা বলে স্পষ্ট করে দেওয়া হয়েছে ।এই অভিযান সম্পর্কে জেলা আয়ুক্ত মৃদুল যাদব জনসুরক্ষাই তাঁদের সর্বোচ্চ অগ্রাধিকার বলে স্পষ্ট করে দেন । তিনি বলেন যে অবৈধ গাড়ির বডি পরিবর্তন শুধু আইন লঙ্ঘন নয় এটি সড়ক সুরক্ষার মূল ভিত্তিকে দূর্বল করে তোলে ।

---

ষষ্ঠ জাতীয় মুইথাই চেম্পিয়ানশিপে এলিট ৪৫ কিলোগ্রাম শাখায় শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের গবেষক ছাত্রী মনোস্মিনী চক্রবর্তী ব্রোঞ্জ পদক লাভ করেছে । হরিয়ানার মহর্ষী দয়েনন্দ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এই জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় মনোস্বিনী আসামের প্রতিনিধি হিসেবে যোগদান করেছিল । মুইথাই হচ্ছে এক ধরণের সমরকলা । শারিরীক ক্ষমতার সঙ্গে মানসিক কঠোরতা এবং অনুশীলন এই খেলায় খুব বেশী প্রয়োজন হয় ।

---

কাছাড় জেলা প্রশাসন ধরতি আভা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের অধীনে গত ১৭ ই জুন থেকে ২৮ শে জুন পর্যন্ত ৬ টি উন্নয়নখন্ড ও বৃহত্তর শিলচর এলাকার উপজাতি অধ্যুষিত গ্রামগুলিতে সরকারি বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প সরাসরি জনসাধারণের মধ্যে পৌছে দিতে একগুচ্ছ সচেতনতা ও সেবা প্রদান শিবিরের আয়োজন করে । শিবিরগুলোতে আধার , আয়ুষ্মার ভারত , পি এম কিষাণ , সিকল সেল পরীক্ষা , পেনশন ও মনরেগা সংক্রান্ত পরিষেবা প্রদান করা হয় ।

শিলচর লামডিং ব্রডগেজ রূপায়ন সংগ্রাম কমিটির পক্ষ থেকে চন্দ্রনাথপুর -লংকা দ্বিতীয় রেলপথ নির্মাণের দাবীতে আজ বেলা সাড়ে ১১ টায় শিলচর রেল ষ্টেশনের সামনে বিক্ষোভ কর্মসূচী পালন করা হয় ।পরে তাদের দাবী সম্বলিত একটি স্মারকপত্র শিলচর রেল ষ্টেশন সুপারের মাধ্যমে রেলমন্ত্রীর উদ্দেশ্যে প্রেরণ করা হয় । এদিকে আসাম পুলিশ বিক্ষোভ চলাকালীন কয়েকজন আন্দোলনকারীকে আটক করে এবং পরে তাদের ছেড়ে দেওয়া হয় ।

---

ইন্ডিয়ান রেডক্রস সোসাইটি শিলচর শাখার পক্ষ থেকে এফ এইচ ডব্লিউ ( এ এন এম ) নার্সিং প্রশিক্ষণের জন্য ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র চাওয়া হয়েছে । আবেদনপত্র ১৪ জুলাই থেকে ১৯ শে জুলাই পর্যন্ত জমা দেওয়া যাবে ।প্রত্যেকদিন সকাল ১১ টা থেকে বিকেল তিনটে পর্যন্ত রেডক্রস কার্যালয় থেকে ২০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে ।প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৪০ শতাংশ নম্বর সহ উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ এবং বয়স ১৭ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে । বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট কার্যালয়ে পাওয়া যাবে ।